

## বিশেষ বিজ্ঞপ্তি

বহুল আলোচিত অতিমারির প্রভাব আমাদের জীবনের স্বাভাবিক চলনকে সম্পূর্ণ বিপর্যস্ত করেছে এখন তার আলোচনা অপ্ৰাসঙ্গিক। আমরা সবাই সেই অভিজ্ঞতার সঙ্গে পরিচিত। কিন্তু প্রতিকূলতা জয় করে এগিয়ে চলে জীবন। শিক্ষা ব্যবস্থাও তার ব্যতিক্রম নয়। আমাদের বিদ্যালয় প্রযুক্তির মাধ্যমে শিক্ষাদানের প্রক্রিয়া চালু রেখেছে। অভিভাবক ও অভিভাবিকাগণ এবিষয়ে সম্পূর্ণ অবগত আছেন। কর্তৃপক্ষ নিশ্চিত, অভিভাবক ও অভিভাবিকাগণ জানেন যে পঞ্চসায়র শিক্ষানেকেতন একটি অলাভজনক বেসরকারী বিদ্যালয়, শুধুমাত্র তাদের প্রদেয় ফি যের উপর নির্ভর করেই তার শিক্ষাব্যবস্থা সচল রেখেছে। বিদ্যালয় গতবর্ষের টিউসন ফি বর্তমান বর্ষেও অপরিবর্তিত রেখেছে। অর্থাৎ আয়ের কোন পরিবর্তন হয়নি। কিন্তু স্বাভাবিক নিয়মেই ব্যয় গতবর্ষের তুলনায় যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। তদুপরি করোনাভাইরাসের সংক্রমণের থেকে বিদ্যালয় এবং ছাত্র-ছাত্রীদের রক্ষা করতে নানাবিধ সাবধানতার পদ্ধতি অবলম্বন করেছে। যা অতি ব্যয়বহুল এবং পূর্বনির্ধারিত নয়। এই আর্থিক প্রতিকূলতার ভিতর বিদ্যালয় কর্তৃপক্ষ অভিভাবক ও অভিভাবিকাদের প্রতি সহানুভূতিশীল হয়ে যতটা সম্ভব ফি কমানোর সিদ্ধান্ত গ্রহন করেছে। এই শিক্ষাবর্ষে (২০২০) কম্পিউটার ফি ২০০/- এর পরিবর্তে ১০০/- এবং ক্যারাটে ফি ১০০/- না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে, কিন্তু কম্পিউটার ক্লাস এবং ক্যারাটে ক্লাস যথারীতি চলবে। আশাকরি সার্বিক পরিস্থিতি বিবেচনা করে অভিভাবক ও অভিভাবিকাগণ অতিদ্রুত বকেয়া ফি / মাসিক ফি প্রদান করে, শিক্ষক / শিক্ষিকাদের এবং অশিক্ষক কর্মচারীদের মাহিনা প্রদান এবং বিদ্যালয়ের শিক্ষাদানের প্রক্রিয়া সচল রাখতে সাহায্য করবেন। অন্যথা বর্তমান আর্থিক সংকট বিদ্যালয়কে বন্ধের দিকে নিয়ে যাবে।